

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-২২

অগ্রহায়ণ ০৬, ১৪১৮
তারিখ :-----
নভেম্বর ২০, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

**টিটি সহ অন্যান্য মাধ্যমে পেমেন্ট হলে নতুন বাজার সম্প্রসারণ প্রণোদনা
(New Market Exploration Assistance) প্রদান প্রসংগে**

শিরোনামোক্ত বিষয়ে এফ,ই সার্কুলার নং-২১, তারিখঃ ০৯/১১/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সরকার বঙ্গবন্ধুর নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে বিদ্যমান রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশন ব্যবস্থার পাশাপাশি টিটির মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে নগদ সহায়তা সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) “টিটি” এর মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমএ কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদপত্র (‘ফরম-ঘ’ মোতাবেক) দ্বারা সমর্থিত হতে হবে;

(খ) “টিটি” এর মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসনের শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ থেকে প্রকৃত রপ্তানির বিপরীতে “টিটি” এর মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে “টিটি” বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হয়ে এতদ্বিষয়ে ঘোষণা প্রদান করতে হবে;

(গ) “টিটি” এর মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসনের বিষয়টি সরাসরি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে (‘এক্সচেঞ্জ হাউজ’ এর মাধ্যমে নয়) সম্পন্ন হতে হবে এবং “টিটি” বার্তার ভাষ্যে আমদানিকারকের নাম ও আমদানির সূত্র উল্লেখ থাকতে হবে;

(ঘ) যে দেশে পণ্য রপ্তানি করা হবে কেবল সে দেশ থেকেই সংশ্লিষ্ট রপ্তানি মূল্য প্রত্যাবাসন হতে হবে; এবং

(ঙ) সার্কুলার জারির তারিখ (ভর্তুকী সুবিধা প্রযোজ্য থাকা সাপেক্ষে) হতে জাহাজীকরণকৃত পণ্যের ক্ষেত্রে রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি “টিটি” এর মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ পদ্ধতি কার্যকর হবে।

০২। বঙ্গবন্ধুর নগদ সহায়তা প্রদান সংক্রান্ত আলোচ্য সার্কুলার সহ অন্যান্য সকল সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫